

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং ভূমি/শা-৮/খাজব/৫১৫/৮৬/২১৭ (৬৪),

তারিখ : ১৫-৩-৯০ ইং
১-১২-৯৬ বাং

প্রেরক : সৈয়দ আসগার আলী, উপ-সচিব (৪), ভূমি মন্ত্রণালয়।

প্রাপক : জেলা প্রশাসক, -----।

বিষয় : স্টেডিয়াম, খেলার মাঠ, ব্যায়ামাগার, সুইমিং পুল এবং বিভিন্ন ক্রীড়া চত্বরের জন্য বাণিজ্যিক হারের পরিবর্তে আবাসিক হারে ভূমি উন্নয়ন কর ধার্য প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছেন যে, সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে এখন হইতে দেশের সর্বত্র সরকারীভাবে স্থাপিত স্টেডিয়াম, খেলার মাঠ, ব্যায়ামাগার, সুইমিং পুল এবং সরকারীভাবে চিহ্নিত জাতীয় সকল ক্রীড়া চত্বরের জন্য বাণিজ্যিক হারের পরিবর্তে আবাসিক হারে ভূমি উন্নয়ন কর ধার্য করিতে হইবে।

- ২। সরকার আরও সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, ক্রীড়া চত্বরের জন্য এ যাবৎ ধার্যকৃত ভূমি উন্নয়ন করের উপর প্রাপ্য সমস্ত সুদ মওকুফ করিতে হইবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে নির্দেশ দেওয়া হইল।

স্বা/- (সৈয়দ আসগার আলী)
উপ সচিব(৪)।

নং ভূমি/শা ৮/খাজব/৫১৫/৮৫/২১৭/(৬৪)/১(৫৩০), তারিখ :

১৫-৩-৯০ইং
১-১২-৯৬ বাং

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৩। কমিশনার, -----।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) -----।
- ৫। সহকারী কমিশনার (ভূমি) -----।

স্বা/- (সৈয়দ আসগার আলী)
উপ-সচিব(৪)।